

**এক বছরের মধ্যে কোনো নতুন FHV (ভাড়ার গাড়ি) গাড়ির লাইসেন্স নয়**

Meera Joshi  
কমিশনার/চেয়ার

Allan J. Fromberg  
পাবলিক অ্যাকাউন্ট্যান্ট  
[frombera@tlc.nyc.gov](mailto:frombera@tlc.nyc.gov)

Rebecca Harshbarger  
পাবলিক অ্যাকাউন্ট্যান্ট  
[harshbargerR@tlc.nyc.gov](mailto:harshbargerR@tlc.nyc.gov)

33 Beaver Street  
22nd Floor  
New York, NY 10004

আজ বিকেলে New York সিটি কাউন্সিল(City Council) ট্যাক্সি ও ভাড়ার গাড়ি পরিচালনার স্থানীয় আইনগুলির পরিবর্তনসমূহ অনুমোদন করেছে। আগামী দিনে আমরা এই আইনগুলি সম্পর্কে এবং সেগুলি কীভাবে টিএলসি লাইসেন্সধারীদের প্রভাবিত করবে সেই সম্পর্কে আরও তথ্য শেয়ার করবো। যদিও, আমরা মেয়র স্বাক্ষর করলেই কার্যকর হবে এমন একটি পরিবর্তন সম্পর্কিত তথ্য অবিলম্বে শেয়ার করতে চাই।

**আইনটি কার্যকর হলে কেবলমাত্র হুইলচেয়ার প্রবেশযোগ্য গাড়িগুলির প্রতি নতুন এফএইচভি(FHV) লাইসেন্স ইস্যু করা হবে। আপনার বর্তমানে একটি FHV লাইসেন্স থেকে থাকলে আপনার উপর এই পরিবর্তনের কোনো প্রভাব পড়বে না। তদতিরিক্ত, এই আইন কার্যকর হওয়ার আগে দায়ের করা নতুন FHV গাড়ির আবেদনগুলির উপরেও এই পরিবর্তনের প্রভাব পড়বে না।**

এই পরিবর্তনটি টিএলসি লাইসেন্সধারীদের কীভাবে প্রভাবিত করবে তার উপর আরও তথ্য পেতে নীচে দেখুন:

- আপনি কি টিএলসি-লাইসেন্সধারী ড্রাইভার? এই পরিবর্তনটি আপনার ড্রাইভিং লাইসেন্সকে প্রভাবিত করবে না। এই পরিবর্তনটি কেবলমাত্র নতুন FHV গাড়ির লাইসেন্সের আবেদনগুলিকে প্রভাবিত করবে।
- আপনি কি একটি নতুন টিএলসি ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করেছেন? এই পরিবর্তনটি আপনাকে প্রভাবিত করবে না। টিএলসি ড্রাইভিং লাইসেন্সের জন্য করা আবেদনগুলি গ্রহণ ও অনুমোদন করতে থাকবে।
- আপনি কি কোনো টিএলসি-লাইসেন্সধারী FHV গাড়ির মালিক? এই পরিবর্তনটি আপনার গাড়ির লাইসেন্সকে প্রভাবিত করবে না। আপনি আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করাতে এবং আপনার বর্তমান গাড়িটির বদলে আমাদের গাড়ির প্রয়োজনীয়তার মান পূরণ করে এমন কোনো নতুন গাড়ি আনতে পারবেন। এই পরিবর্তনটি কেবলমাত্র আইনটি কার্যকর হওয়ার পরে আবেদন করা নতুন FHV গাড়ির লাইসেন্সকে প্রভাবিত করবে।
- আপনি কি ইতিমধ্যেই একটি নতুন FHV গাড়ির লাইসেন্সের জন্য আবেদন করেছেন? এই পরিবর্তনটি আপনার আবেদনকে প্রভাবিত করবে না। টিএলসি আপনার আবেদনটি পর্যালোচনা করবে এবং আপনি গাড়ির লাইসেন্সিং এর মানের প্রয়োজনীয়তা পূরণ করলে আপনাকে একটি লাইসেন্স ইস্যু করবে।
- আইনটি কার্যকর হওয়ার পর একটি নতুন FHV গাড়ির লাইসেন্সের জন্য আবেদন করতে চান? আপনার গাড়িটি হুইলচেয়ার প্রবেশযোগ্য হলে আপনি একটি নতুন FHV গাড়ির লাইসেন্সের জন্য আবেদন করতে ও পেতে পারেন।
- একটি নতুন FHV গাড়ির লাইসেন্সের জন্য আবেদন করতে চান এবং এমন গাড়ি ব্যবহার করতে চান যেটি হুইলচেয়ার প্রবেশযোগ্য নয়? আইন কার্যকর হওয়ার আগে আপনার আবেদন করা আবশ্যিক। আবেদন প্রক্রিয়া শুরু করতে আপনার ঘাঁটির আইন কার্যকর হওয়ার আগে একটি ঘাঁটির মঞ্জুরি জমা দেওয়া আবশ্যিক। আইন কার্যকর হওয়ার পর হুইলচেয়ার প্রবেশযোগ্য নয় এমন গাড়িগুলির ঘাঁটির মঞ্জুরি গ্রহণ করা হবে না।
- আপনি কি কোনো হলুদ ট্যাক্সি, যাত্রীবাহী ভ্যান বা প্যারাট্রানজিট গাড়ির মালিক? এই পরিবর্তনটি আপনার গাড়ির লাইসেন্সকে প্রভাবিত করবে না। এই পরিবর্তনটি কেবলমাত্র নতুন FHV গাড়ির লাইসেন্সের আবেদনগুলিকে প্রভাবিত করবে।